



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date : ০৪ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

## জেলখানায় ইউপিডিএফ নেতা পুলক চাকমার মৃত্যু রহস্যজনক

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ বৃহস্পতিবার, ৪ জুন ২০২০ এক বিবৃতিতে গতকাল খাগড়াছড়ি জেলা কারাগারে ইউপিডিএফের অন্যতম সংগঠক পুলক চাকমার আকস্মিক মৃত্যুর ঘটনাকে রহস্যজনক বলে মন্তব্য করেছেন।

তিনি তার মৃত্যুর প্রকৃত কারণ অনুসন্ধানের জন্য একটি নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করে দাবি জানান।

তিনি বলেন, সুঠাম ও বলিষ্ঠ দেহের অধিকারী পুলক চাকমার অকাল মৃত্যু কারা কর্তৃপক্ষের অবহেলাজনিত কারণে হয়ে থাকলে দায়ীদের বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পুলক চাকমা ইউপিডিএফের দায়িত্ব পালনকালে তিন বার গ্রেফতার হন। সর্বশেষ গত ২০১৮ সালের ৩০ মে সেনাবাহিনী তাকে খাগড়াছড়ির লক্ষ্মীছড়ি থেকে অন্যায়ভাবে গ্রেফতার করে এবং তার উপর বর্বর শারীরিক ও মানসিক নিযাতন চালায়। তার বিরুদ্ধে বিভিন্ন মিথ্যা ও বানোয়াট মামলা দায়ের করা হয়।

এসব মামলায় মহামান্য হাইকোর্ট থেকে জামিন পাওয়ার পরও ষড়যন্ত্রমূলকভাবে তাকে কারাগারে আটকে রাখা হয়।

পুলক চাকমা ইউপিডিএফে যোগদানের আগে পাহাড়ি ছাত্র পরিষদের সাথেও যুক্ত ছিলেন। তিনি পিসিপি খাগড়াছড়ি জেলা শাখার সভাপতি নির্বাচিত হন। পার্বত্য চট্টগ্রামে ভূমি বেদখল ও মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সাহসী ভূমিকা পালন করেছিলেন।

অংগ্য মারমা অবিলম্বে কারাগারে আটক সকল ইউপিডিএফ নেতা, কর্মী ও সমর্থকদের মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)